

কোস্ট ট্রাস্ট

সবার জন্য জানার অধিকার

- কোস্ট ট্রাস্ট একটি বেসরকারি উন্নয়ন সংস্থা বা এনজিও। সংস্থাটি ১৯৯৮ সাল থেকে উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠী, বিশেষ করে নারী ও শিশুদের জীবনমান উন্নয়নে কাজ করছে। কাজগুলি প্রধানত তিন ধরনের; ক. উন্নয়ন কর্মকাণ্ড (ক্ষুদ্র ঋণ, আয় বর্ধনমূলক দক্ষতা উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, মানবাধিকার ইত্যাদি), খ. অধিপরামর্শ (উপকূলীয় জনগণকে দুর্য়োগ, নদী ভাঙ্গন ও জলবায়ু প্রভাবজনিত ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে) এবং গ. মানবিক কর্মকাণ্ড (আইলা, সিডর, রোয়ানু, রোহিঙ্গা সমস্যায় পতিত জনগণের জন্য খাদ্য, স্যানিটেশন ও স্বাস্থ্য সহায়তা)।
- কোস্টের সর্বোচ্চ পরিচালনা পরিষদ বোর্ডে আছেন ২ জন উপোকারভোগী প্রতিনিধিসহ ৬ জন দেশ বরেণ্য সম্মানিত নাগরিক, যারা প্রতি তিন মাসে নিয়মিত সভা করে সংস্থার অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ দিক নির্দেশনা দিয়ে থাকেন।
- সংস্থাটি বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক ব্যুরো এবং মাইক্রো ক্রেডিট রেগুলেটরি কর্তৃপক্ষ থেকে রেজিস্ট্রেশন প্রাপ্ত। প্রতিবছর নিরপেক্ষ অডিট প্রতিষ্ঠান কোস্টের অর্থিক বিষয়াদি অডিট করে। কোস্ট ওয়েব সাইট www.coastbd.net এ সংস্থার নীতিমালাসমূহ, অডিট রিপোর্ট, কর্মসূচির অগ্রগতিসহ প্রয়োজনীয় প্রায় সকল তথ্য দেওয়া আছে।
- বর্তমানে কোস্ট উপকূলীয় ৮টি জেলা; ভোলা, কক্সবাজার, চট্টগ্রাম, নেয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, পটুয়াখালী ও বরিশালে কাজ করছে। সংস্থার প্রায় ১৫০০ সহকর্মী, ৮০ টি অফিস, ৪ টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। ঢাকাস্থ কেন্দ্রীয় অফিসসহ আরো ৮টি অফিস সংস্থার নিজস্ব জায়গায় অবস্থিত। ক্ষুদ্র ঋণ ও অন্যান্য প্রকল্পের মাধ্যমে কোস্ট প্রায় ২ লক্ষ পরিবারের সাথে সরাসরি কাজ করছে। সংস্থার বার্ষিক বাজেট প্রায় ৫০ কোটি টাকা। দুর্য়োগকালীন সময়ে পরিবহন ও যাতায়াতের জন্য সংস্থার রয়েছে ২ টি জিপ, ২ ইঞ্জিন বোট ও ৩টি গাড়ি।
- কোস্ট বর্তমানে যে যে সংস্থার সাথে অংশীদারিত্বে বিভিন্ন কর্মকাণ্ড বাস্তবায়ন করছে তাদের মধ্যে আছে: বাংলাদেশ সরকার, UNICEF, WFP, PKSF, CARE, Dan Church Aid, DFID, MJF, IFAD, Strome Foundation, USAID, IUCN ইত্যাদি।
- কোস্ট বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক এলায়েন্স ও নেটওয়ার্কের সদস্য, যেমন: UNFCC, SDG Forum, Asian Democracy Alliance, CANSA, RTI Forum, EWG ইত্যাদি। এছাড়াও কোস্ট UN ECOSOC-এর বিশেষ মর্যাদাপ্রাপ্ত সংস্থা।
- কোস্ট সংস্থার সকল পর্যায়ে ভালো ব্যবস্থাপনা চর্চা এবং সংস্থার সদস্য ও উপোকারভোগীদের নিকট জবাবদিহিতা নিশ্চিত করার জন্য হ্যাপ নামের জেনেভা ভিত্তিক একটি প্রতিষ্ঠান একটি কর্তৃক পর পর দুইবার সার্টিফিকেট পেয়েছে। ব্যবস্থাপনার গুণগত মান এবং জবাবদিহিতার কয়েকটি নির্দেশক যাচাই করে এই সার্টিফিকেট প্রদান করা হয়। এটি একটি সংস্থায় জবাবদিহিতা চর্চা ও ভালো কাজের স্বীকৃতি।
- কোস্ট ভালো ব্যবস্থাপনা চর্চার ক্ষেত্রে হ্যাপের ধারাবাহিকতায় বর্তমানে Core Humanitarian Standard, CHS আদর্শমান মেনে চলে এবং এর ৯ টি আদর্শমান সংস্থায় চর্চা করে। যেগুলি মূলত সদস্য ও উপোকারভোগীদের সাথে নিয়ে কাজ করা ও তাদের চাহিদামত, তাদের মতামত নিয়ে সময়মত সহায়তা করা, কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা নিশ্চিত করা এবং ভালো ব্যবস্থাপনা চর্চা করা। যে কোন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং মূল্যায়নের জন্য সংস্থা সংশ্লিষ্ট সকলের মতামত নেয় এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করে।
- সংস্থার কর্মকাণ্ড বিষয়ে ভালো মন্দ, কর্মীদের আচার আচরণ, নীতিমালা, কর্মকৌশল ইত্যাদি বিষয়ে যে কেউ যে কোন মাধ্যমে মতামত প্রদান ও অভিযোগ করতে পারে। এজন্য সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা নীতিমালা রয়েছে। এছাড়াও প্রতিটি সদস্যের পাশ বইয়ে সংস্থার নির্বাহী পরিচালকের মোবাইল নম্বর দেওয়া আছে। কোস্ট সদস্যসহ সকলের নিকট থেকে মতামত ও অভিযোগ সাদরে গ্রহণ করে এবং সেগুলি আমলে নেয় ও জবাব দেয়। যে কেউ যে কোন তথ্য চাইলে কোস্টের তথ্য কর্মকর্তা তা সরবরাহ করে থাকেন।
- কোস্ট অভিযোগ ও প্রধান তথ্য কর্মকর্তা এবং নির্বাহী পরিচালকের মোবাইল ও ইমেইল নম্বর নিম্ন রূপে:

অভিযোগ ও প্রধান তথ্য কর্মকর্তা	মোস্তফা কামাল আকন্দ, সহকারী পরিচালক মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১, ইমেইল: kamal.coast@gmail.com
সহকারী অভিযোগ কর্মকর্তা	রশেদা বেগম, রিজিওনাল টিম লিডার মোবাইল: ০১৭১৩৩২৮৮০২, ইমেইল: rashida.coast@gmail.com
নির্বাহী পরিচালক	রেজাউল করিম চৌধুরী মোবাইল: ০১৭১১৫২৯৭৯২, ইমেইল: reza.coast@gmail.com



ডাকযোগে অভিযোগ করা ও তথ্য পাওয়ার ঠিকানা

কোস্ট কেন্দ্রীয় কার্যালয়, মেট্রো মেলাডি, বাড়ি নং ১৩ (২য় তলা), রোড নং ০২, শ্যামলী, ঢাকা।
ফোন: +৮৮ ০২ ৫৮১৫০০৮২, ৯১২০৩৫৮, ৯১১৮৪৩৫, ৯১২৩৬১৩১

এছাড়াও সকল অফিস প্রধান এর নিকট অভিযোগ করা যাবে এবং তথ্য চাওয়া ও পাওয়া যাবে।

www.coastbd.net